# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 29 May, 2025

গৌরব ও ঐতিহ্যের ১৯ বছর পেরিয়ে ২০ বছরে পদার্পণ করেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি)।বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে বুধবার (২৮ মে) কুবিতে অনুষ্ঠিত হয় দিনব্যাপী বর্ণাঢ্য আয়োজন।দিবসটি উদযাপনের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের শুরুতে নিযুক্ত ৪০ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে সম্মাননা প্রদান করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

২০০৭ সালের ২৮ মে শিক্ষা কার্যক্রম শুরু করে কুমিল্লা বিশ্ববিদ্যালয়। সেই সূচনা লগ্নে নিয়োগপ্রাপ্তদের স্বীকৃতি জানাতেই এবারের বিশ্ববিদ্যালয় দিবসে দেওয়া হয় বিশেষ সম্মাননা।সম্মাননা প্রাপ্তদের মধ্যে রয়েছেন ৯ জন শিক্ষক, ১৪ জন কর্মকর্তা ও ১৭ জন কর্মচারী।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. হায়দার আলীকেও শিক্ষক ক্যাটাগরিতে সম্মাননা প্রদান করা হয়

বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন নয়জন শিক্ষককে সম্মাননা দেওয়া হয়েছে তারা হলেন- মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আমজাদ হোসেন সরকার, ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এম এম শরীফুল করীম, লোক প্রশাসন বিভাগের অধ্যাপক ড. মাসুদা কামাল, গণিত বিভাগের অধ্যাপক ড. খলিফা মোহাম্মদ হেলাল, গণিত বিভাগের অধ্যাপক ড. মো. আবদুল হাকিম এবং অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, এআইএস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান ও অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মো. শামিমুল ইসলাম। এই নয়জন শিক্ষক ২০০৭ সালের ৬ মে এই বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছিলেন। তাঁরা প্রত্যেকেই এখন অধ্যাপক।

শিক্ষকদের পাশাপাশি প্রতিষ্ঠাকালীন ১৪ জন কর্মকর্তাকেও দেয়া হয় সম্মাননা।তারা হলেন- বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক (অর্থ ও হিসাব) মো. নাছির উদ্দিন, ডেপুটি রেজিস্ট্রার মো. রেজাউল করিম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মো. দেলোয়ার হোসেন (বর্তমানে অবসরে) ডেপুটি রেজিস্ট্রার মো. মোশারফ হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) মো. আবদুল লতিফ, সহকারী রেজিস্ট্রার মো. মিনহাজুল আবেদীন মজুমদার, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), মোহাম্মদ নূরুল করিম চৌধুরী, সেকশন অফিসার মো. নূরুল ইসলাম, সেকশন অফিসার মো. দেলোয়ার হোসেন খান, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, মোসাম্মৎ সেলিনা আক্তার, সহকারী রেজিস্ট্রার মোহাম্মদ শাহ আলম খান, সেকশন অফিসার জয়নাল আবেদীন, সহকারী রেজিস্ট্রার কামরুল আহসার রুবেল ও মো. মোশারফ হোসেন ভূঁইয়া।তাঁরা ২০০৭ সালের ২৯ এপ্রিল থেকে ২০০৭ সালের ২১ আগস্টের মধ্যে যোগদান করেছিলেন।

এছাড়াও প্রতিষ্ঠাকালীন ১৭জন কর্মচারীকে সম্মাননা দেওয়া হয়।তারা হলেন-বিশ্ববিদ্যালয়ের ড্রাইভার মো. নজরুল ইসলাম, কার্য সহকারী মো. সুমন খান, কম্পিউটার অপারেটর এ কে এম কামরুল হাসান, সিকিউরিটি গার্ড মো. আলমগীর হোসেন, অফিস সহকারী কাম ডাটা প্রসেসর মো. আবদুল করিম এবং মো. আনিছুজ্জামান জুয়েল, কার্য সহকারী মো. মনির হোসেন মুন্সি, এসিসটেন্ট স্টোর কিপার মো. সাইফুল ইসলাম, কার্য সহকারী মো. মাসুদ আলম এবং মো. আবুল হাসেম, সিকিউরিটি গার্ড মো. মোস্তফা কামাল, অফিস সহকারী কাম ডাটা প্রসেসর মো. ইসমাইল, গ্রন্থাগার সহকারী মো. দেলোয়ার হোসেন ভূঁইয়া, সুইপার কানাই চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী মোসাম্মৎ সানু আক্তার,

কম্পিউটার অপারেটর মো. মাসুদুর রহমান সরকার ও পরিচ্ছন্নতাকর্মী সুফিয়া বেগম।তাঁরা ২০০৭ সালের ১৬ জুন থেকে ২০ জুনের মধ্যে যোগদান করেছিলেন।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় দিবস- ২০২৫ উদযাপন কমিটির আহবায়ক ইংরেজি বিভাগের প্রধান অধ্যাপক ড. এম এম শরীফুল করীম বলেন, ' বিশ্ববিদ্যালয়ের শুরুর দিকে যারা জড়িত তারা বিশ্ববিদ্যালয়ের একটি বড় অংশীদার।তাই শুরুর দিকের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে সম্মাননা জানানো হয়েছে।

এই আয়োজনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সবাই দিনটি উদযাপন করেন উৎসবমুখর পরিবেশে।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় কর্মকর্তা-কর্মচারী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:13

URL: https://www.timestodaybd.com/campus/3092775807